

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
সংসদ ও সমন্বয় শাখা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০০.০০৯.০০৬.০০.২৩.২০১৪.৩০

তারিখ : ৩০/০৩/২০১৭ খ্রি:।

বিষয় : সচিব সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বিষয়ে অবগতি ও কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : মন্ত্রিপরিষদের পত্র নং-০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৭-৩২, তারিখ : ২২ মার্চ, ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে গত ৭ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সচিব সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সুবিধার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
(রহমান রহমান শম্পা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৩৪৯২৩০

[dsparliament@probashi.gov.bd](mailto:dsparliament@probashi.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ০১। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (সকল), প্রকবৈকম, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ১২। অফিস নথি।



স্বাক্ষর (স্বাক্ষর)  
সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ।

মোহাম্মদ শফিকুল আলম  
মন্ত্রিপরিষদ সচিব  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধাসরকারি পত্রসংখ্যা-০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৭-৩২

তারিখ: ০৮ চৈত্র ১৪২৩/ ২২ মার্চ ২০১৭

প্রিয় সহকর্মী,

গত ৭ মার্চ ২০১৭ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় সক্রিয় অংশগ্রহণ এবং গঠনমূলক আলোচনার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। এ সভায় আপনি বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মূল্যবান মতামত প্রদান ও সুপারিশ পেশ করেছেন। সে আলোকে সভায় গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ আপনার অবগতি ও কার্যক্রম গ্রহণের সুবিধার্থে নিম্নে তুলে ধরা হলো:

(০১) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ই-জিপি ডাটা সেন্টারের জন্য মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় স্পেস বরাদ্দ প্রদান নিশ্চিত করবে;

(০২) যে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ই-জিপিতে যুক্ত হয়নি সে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা মার্চ ২০১৭ মাসের মধ্যে ই-জিপিতে যুক্ত হয়ে সরকারি ক্রয় কার্যক্রম পরিচালনা করবে;

(০৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ NEA (National Enterprise Architecture)-এর সার্বিক বিষয় চূড়ান্ত করার লক্ষ্যে সচিবগণের উপস্থিতিতে আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ মন্ত্রিসভা কক্ষে বিকাল ০৪.০০ টা হতে ৬.০০ টা পর্যন্ত অথবা সুবিধাজনক সময়ে ওয়ার্কশপ আয়োজন করতে পারে;

(০৪) ই-জিপি'র আওতায় দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের জামানতের অর্থ ফেরত প্রদানের বিষয়টি আরো সহজ করতে হবে;

(০৫) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ই-জিপিতে নিবন্ধন ও কার্যক্রম গ্রহণের অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে;

(০৬) প্রকল্প পরিচালক হিসাবে বয়োজ্যেষ্ঠ কর্মকর্তাদের পদায়নের কারণে কোন কোন ক্ষেত্রে প্রকল্প মেয়াদ সমাপ্তির পূর্বে তারা অবসরে চলে যাওয়ায় প্রকল্প বাস্তবায়নে ব্যাঘাত সৃষ্টি হয়। এ কারণে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রকল্প পরিচালক পদায়নের ক্ষেত্রে কর্মকর্তাদের যোগ্যতা ও অভিজ্ঞতার পাশাপাশি তাদের চাকরিকালও বিবেচনা করতে পারে;

(০৭) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থায় কর্মরত যে সকল প্রকল্প পরিচালকের প্রশিক্ষণ সমাপ্ত করতে পারেনি তাঁদের দ্রুত প্রশিক্ষণ সমাপ্ত করবে;

(০৮) উপজেলা পর্যায়ে সমাজসেবা অফিসারের শূন্য পদ এবং বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নন-ক্যাডার শূন্য পদ দ্রুততার সঙ্গে পূরণে সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;

(০৯) মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগসমূহের ব্রান্ডিং-এর কাজ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে দ্রুততার সঙ্গে সমাপ্ত করতে হবে;

অতিরিক্ত সচিব (কো-সচিব)	এম. দস্তগীর
তারিখ: ২২/৩/১৭	
উপসচিব-প্রশাসন ও সনাক্ত/স্বাক্ষর/স্বাক্ষর	
অতিরিক্ত-২/৩	
সচিব-প্রশাসন-১/সচিব-২/সচিব-৩/সচিব-৪/সচিব-৫	
সচিব-৬/সচিব-৭/সচিব-৮/সচিব-৯/সচিব-১০	
সচিব-১১/সচিব-১২/সচিব-১৩/সচিব-১৪/সচিব-১৫	
সচিব-১৬/সচিব-১৭/সচিব-১৮/সচিব-১৯/সচিব-২০	
সচিব-২১/সচিব-২২/সচিব-২৩/সচিব-২৪/সচিব-২৫	
সচিব-২৬/সচিব-২৭/সচিব-২৮/সচিব-২৯/সচিব-৩০	
সচিব-৩১/সচিব-৩২/সচিব-৩৩/সচিব-৩৪/সচিব-৩৫	
সচিব-৩৬/সচিব-৩৭/সচিব-৩৮/সচিব-৩৯/সচিব-৪০	
সচিব-৪১/সচিব-৪২/সচিব-৪৩/সচিব-৪৪/সচিব-৪৫	
সচিব-৪৬/সচিব-৪৭/সচিব-৪৮/সচিব-৪৯/সচিব-৫০	
সচিব-৫১/সচিব-৫২/সচিব-৫৩/সচিব-৫৪/সচিব-৫৫	
সচিব-৫৬/সচিব-৫৭/সচিব-৫৮/সচিব-৫৯/সচিব-৬০	
সচিব-৬১/সচিব-৬২/সচিব-৬৩/সচিব-৬৪/সচিব-৬৫	
সচিব-৬৬/সচিব-৬৭/সচিব-৬৮/সচিব-৬৯/সচিব-৭০	
সচিব-৭১/সচিব-৭২/সচিব-৭৩/সচিব-৭৪/সচিব-৭৫	
সচিব-৭৬/সচিব-৭৭/সচিব-৭৮/সচিব-৭৯/সচিব-৮০	
সচিব-৮১/সচিব-৮২/সচিব-৮৩/সচিব-৮৪/সচিব-৮৫	
সচিব-৮৬/সচিব-৮৭/সচিব-৮৮/সচিব-৮৯/সচিব-৯০	
সচিব-৯১/সচিব-৯২/সচিব-৯৩/সচিব-৯৪/সচিব-৯৫	
সচিব-৯৬/সচিব-৯৭/সচিব-৯৮/সচিব-৯৯/সচিব-১০০	

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(১০) বিভাগীয় কমিশনার, সিলেট উদ্ভাবিত Co-ordinated Development Initiative (CDI) বাস্তবায়নের ক্ষেত্রে এর সঙ্গে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা অব্যাহত রাখবে;

(১১) টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) অর্জনে নেতৃত্ব প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগকে (Lead Ministry/Division) সহযোগী মন্ত্রণালয়/বিভাগকে সঙ্গে নিয়ে নীতি ও কার্য সমন্বয়ের মাধ্যমে অভিলক্ষ্য অর্জনে কাজ করতে হবে;

(১২) বিনিয়োগ পরিবেশ উন্নয়নের লক্ষ্যে সেবা বাবদ ফি প্রদান/গ্রহণের ক্ষেত্রে software/gateway তৈরী, এক স্থানে সকল কাজ সম্পন্ন করা এবং আইনী জটিলতা (যেমন কোম্পানি গঠন/পরিবার, সালিশি, চুক্তি ও দেওলিয়া আইন) হ্রাসকরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উদ্যোগ গ্রহণ করবে;

(১৩) আগামী জুলাই ২০১৭-এর শুরুতে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণে সকলে উদ্যোগী হবে;

(১৪) জনপ্রশাসন মন্ত্রণালয় ব্যক্তি পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের কর্মসম্পাদন মূল্যায়নের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে পরবর্তী সচিব-সভায় অবহিত করতে পারে;

(১৫) মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ তাঁর অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষাক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;

(১৬) সকল সরকারি শূন্য পদ দ্রুত পূরণ করতে হবে এবং এ সংক্রান্ত অগ্রগতি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে পর্যালোচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে;

(১৭) অর্থ মন্ত্রণালয় নতুন ভবনে স্থানান্তর হওয়ার পর সচিবালয়ের মধ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের স্থান সংকুলানের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। গাড়ি পার্কিং-এর জন্য বিকল্প ব্যবস্থা যাচাই করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী সচিব-সভায় উপস্থাপন করতে পারে;

(১৮) সচিবগণ দাতা সংস্থা বা বিদেশী প্রতিনিধিদের সঙ্গে দ্বিপাক্ষিক সভা-আলোচনার ক্ষেত্রে বুলস অব বিজনেস দৃঢ়ভাবে অনুসরণ করবেন; এবং

(১৯) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব-সভা আয়োজনের লক্ষ্যে সচিবগণ গুরুত্বপূর্ণ এবং জাতীয় লক্ষ্যের সাথে ঘনিষ্ঠভাবে সংশ্লিষ্ট আলোচ্য বিষয় মার্চ ২০১৭ মাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবেন।

২। সচিব-সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

  
২৩.৩.১৭  
(মোহাম্মদ শফিউল আলম)

বেগম শামছুন নাহার

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়